



স্মারক নং ৩৭.০২.০০০০.১০২.২০.০০৭.২০১৮(অংশ)- ৫৯০০/৬

তারিখ: ১৬/১০/২০২৩ খ্রি:

প্রেরক: মহাপরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

প্রাপক: চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার

শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।

বিষয়: ২০২৩-২৪ অর্থবছরের বাজেটে "১২৫০২০৭০০০০০০-সরকারি মহাবিদ্যালয়সমূহ" খাতে বরাদ্দ প্রদান।

২০২৩-২৪ অর্থবছরে "১২৫০২০৭০০০০০০-সরকারি মহাবিদ্যালয়সমূহ" খাত হতে তালিকা মোতাবেক বরাদ্দ ব্যয় ও বিলির জন্য তাঁর নিয়ন্ত্রণাধীনে অর্পণ করা হলো এবং বরাদ্দকৃত অর্থ, অর্থ মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত আর্থিক ক্ষমতা অর্পণ ও আর্থিক ক্ষমতা পূরণ/অর্পণ বিধি মোতাবেক ব্যয় করার জন্য নির্দেশক্রমে অনুমতি ও মঞ্জুরী দেয়া হলো।

০২। অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় কর্তৃক বাজেট বরাদ্দ বিভাজন মঞ্জুর সাপেক্ষে মাউশি'র অনুমোদন ব্যতীত সদ্য সরকারিকরণকৃত প্রতিষ্ঠানসমূহে কর্মরত শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীগণ বকেয়া বেতন-ভাতাদি উত্তোলন করতে পারবে না;

০৩। শান্তিবিনোদন ছুটি প্রতিষ্ঠান প্রধান তাঁর অধীনস্থ কর্মকর্তা/কর্মচারীদের মঞ্জুর করবেন এবং প্রতিষ্ঠান প্রধানগণের ছুটি অধিদপ্তর মঞ্জুর করবে;

০৪। ৩২১১-প্রশাসনিক ব্যয়, ৩২৪৩-পেট্রোল, ওয়েল ও লুব্রিকেন্ট, ৩২৪৪-ড্রম ও বদলি, ৩২৫৫-মুদ্রণ ও মনিহারি, ৩২৫৬-সাধারণ সরবরাহ ও কাঁচামাল সামগ্রী, ৩২৫৮-মেরামত ও সংরক্ষণ, ৩৮২১- আবর্তক স্থানান্তর যা অন্যত্র শ্রেণিবদ্ধ নয় এবং ৪১১২-যন্ত্রপাতি ও সরঞ্জামাদি খাতসমূহের অধীন উপখাতসমূহে বরাদ্দকৃত অর্থ হতে ২০২২-২৩, ২০২১-২২ ও ২০২০-২১ অর্থবছরের বকেয়াসমূহ পরিশোধের অনুমতি প্রদান: পরিশোধ করবে;

০৫। বরাদ্দ ব্যয়ের ক্ষেত্রে এতদসংশ্লিষ্ট সরকারি বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করবে;

০৬। এ অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন ধরনের অনিয়ম উদ্ঘাটিত হলে সে ক্ষেত্রে ব্যয় নির্বাহকারী কর্তৃপক্ষ দায়ী থাকবে;

০৭। সরকারি ব্যয়ে কৃচ্ছসাধনের লক্ষ্যে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী বিভিন্ন খাতে কর্তনপূর্বক বরাদ্দ প্রদান করা হলো বিধায় বরাদ্দকৃত অর্থ শতভাগ ব্যয় করতে পারবে;

০৮। উদ্ধৃত অর্থ ৩০.০৬.২০২৪ তারিখের মধ্যে সমর্পণ করবে।

সংযুক্তি: বরাদ্দ পত্রের ২০ পৃষ্ঠা।

স্বাঃ/-


(অধ্যাপক নেহাল আহমেদ)

মহাপরিচালক

ফোন- ০২-২২৩৩৮৩৩৯০

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ১। অধ্যক্ষ (সকল), সরকারি মহাবিদ্যালয়, উপজেলা. জেলা;
- ২। সহকারী পরিচালক-১ (অর্থ ও ক্রয়), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (আইবাস++ এ এন্ট্রিকরণ নিশ্চিত করার অনুরোধসহ);
- ৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
- ৪। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক (সকল), বিভাগ,;
- ৫। জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল),;
- ৬। সংরক্ষণ নথি।



(বিপুল চন্দ্র বিশ্বাস)

উপ-পরিচালক (সাঃ প্রশাঃ)

ফোন- ৯৫৫৩৬০৭



